সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজরের দু‘রাকআত সুন্নাতের পর কথা বলা।

باب مَا جَاءَ فِي الْكَلاَمِ بَعْدَ رَكْعَتَىِ الْفَجْرِ

আরবী

حَدَّثَنَا يُوسُفُ بْنُ عِيسَى الْمَرْوَزِيُّ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ، قَالَ سَمِعْتُ مَالِكَ بْنَ أَنَسٍ، عَنْ أَبِي النَّضْرِ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم إِذَا صَلَّى رَكْعَتَىِ الْفَجْرِ فَإِنْ كَانَتْ لَهُ إِلَىَّ حَاجَةٌ كَلَّمَنِي وَإِلاَّ خَرَجَ إِلَى الصَّلاَةِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ كَرِهَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمُ الْكَلاَمَ بَعْدَ طُلُوعِ الْفَجْرِ حَتَّى يُصَلِّيَ صَلاَةَ الْفَجْرِ إِلاَّ مَا كَانَ مِنْ ذِكْرِ اللَّهِ أَوْ مِمَّا لاَ بُدَّ مِنْهُ وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

৪১৮. ইউসুফ ইবনু ঈসা আল-মারওয়াযী (রহঃ) ...... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ ফজরের দু’রাকআত সুন্নাত আদায়ের পর কোন প্রয়োজন থাকলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার সাথে কথা বলতেন, আর তা না হলে সালাতের জন্য বেরিয়ে যেতেন। - সহিহ আবু দাউদ ১১৪৭,১১৪৮, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৪১৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ। সাহাবী ও অন্যান্য আলিমগণ সুবহে সা’দিকের পর থেকে ফজরের সালাত (নামায/নামাজ) আদায় না করা পর্যন্ত আল্লাহর যিকর বা প্রয়োজনীয় কথা ছাড়া অন্য কথা বলা মাকরূহ বলে মত প্রকাশ করেছেন। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত এ-ই।

English

Aishah narrated:
"When Allah's Messenger (S) prayed the two Rak'ah (before) Fajr if he needed something from me he would talk to me, if not, he would go to Salat."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17607

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন